দৈনিক বাংলা

তারিখ 14 DEC 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

৩।

# কৃষি ইনস্টিটিউটের সমস্যা

অর্ধ শতাব্দীরও অধিককালের প্রাচীন স্নাতক কৃষি শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট বর্তমানে নানা সস্যায় জর্জরিত। ১৯৩৮ সালে অবিভক্ত বাংলার তৎকালীন প্রধানমন্ত্রী এ কে ফজলুল হক শেরেবাংলা নগরে এই ইনস্টিটিউটটি প্রতিষ্ঠা করেন। সে সময় এটিই ছিল দেশে একমাত্র উচ্চ কৃষি শিক্ষা প্রতিষ্ঠান। পরবর্তীতে ময়মনসিংহে একটি কৃষি বিশ্ববিদ্যালয় এবং দিনাজপুর ও পটুয়াখালীতে দুটি কৃষি কলেজ স্থাপিত হয়। দিনাজপুর কৃষি কলেজকে ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হবে বলে ঘোষণা দেয়া হয়েছে। অথচ ৫৬ বছরের পুরাতন ঐতিহ্যবাহী বাংলাদেশ কৃষি ইনস্টিটিউটই এ ব্যাপারে অগ্রাধিকারের দাবিদার। কিন্তু এ প্রতিষ্ঠানটিকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ব্যাপারে সরকারের কোন চিন্তা–ভাবনা আছে বলে মনে হয় না। বরং একে নিয়ে চলছে ত্রিমুখী টানা হেচড়া। এর একাডেমিক দেখাশুনা করে কৃষি বিশ্ববিদ্যালয় এবং প্রশাসনিক দিক পরিচালনা করে কৃষি মন্ত্রণালয় ও বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট। কলেজ কর্তৃপক্ষ বস্তুত কোন কাজই ইচ্ছামতো করতে পারেন না। কলেজের অভ্যন্তরে রয়েছে নানান সমস্যা। শিক্ষকদের আবাসিক সমস্যা প্রকট। শিক্ষক স্বল্পতার কারণে নিয়মিত ক্লাস নেয়া সম্ভব হয় না। অনেক সময় দুই সেকশনের ক্লাস একত্রে নিতে হয়। প্রশাসনিক দুর্বলতার কারণে কলেজ ক্যাম্পাসে গড়ে উঠেছে অবৈধ বস্তি। এখানকার ভর্তি প্রক্রিয়াটিও অত্যন্ত জটিল ও সময়সাপেক্ষ। ১৯৯৩–৯৪ সেশনের ভর্তি পরীক্ষা এখনও অনুষ্ঠিত হয়নি। ব্যবহারিক যন্ত্রপাতির অভাবে কারিগরি জ্ঞান থেকে শিক্ষার্থীরা বঞ্চিত। জাপান সরকারের প্রদত্ত কৃষিযন্ত্রপাতিগুলি যত্নের অভাবে অকেজো হয়ে পড়ে আছে। কলেজের ফার্মটিতে কোন উন্নতজাতের গরু, ছাগল বা পশুপাখি নেই। দুর্বল স্বাস্থ্যের কয়েকটি গরুই সম্বল। এখানে ছাত্রদের জন্য দুটি এবং ছাত্রীদের জন্য ১টি হল রয়েছে। তন্মধ্যে শেরে বাংলা হল এবং মহিলা হলে সীট সমস্যা প্রকট। অনেককেই ডাবলিং করে থাকতে হয়। মহিলা হলের নতুন ভবন নির্মাণের কাজ মাঝ পথে এসে বন্ধ হয়ে আছে। সংখ্যাগরিষ্ঠ ছাত্র–ছাত্রীরা বাংলা মিডিয়ামে পড়াশোনা করলেও লাইব্রেরীতে বাংলা বই-এর দারুণ অভাব। ফলে সিনিয়র ছাত্রছাত্রীদের তৈরি মান্ধাতা আমলের নোটের উপর ভরসা করেই শিক্ষার্থীরা তাদের পড়াশোনা চালিয়ে যাচ্ছে। এমনি হাজারো সমস্যার আবর্তে জড়িয়ে আছে অর্ধ শতাব্দী প্রাচীন এই কৃষি শিক্ষা প্রতিষ্ঠানটি। এ আবর্ত থেকে একে উদ্ধারের যথাযথ পদক্ষেপ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গ্রহণ করবেন এ আশা আমরা করতে পারি কি?

**মোঃ আজিজুল হক অনু**
১০৬/সিরাজউদ্দৌলা হল
বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট
শেরেবাংলা নগর
ঢাকা–১২০৭